বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.৫৮

তারিখ: ১১ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

## ডিপ্লোমা পর্যায় শিক্ষাক্রমে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ ও ডিপ্লোমা-ইন-লাইভস্টক শিক্ষাক্রমে **সরকারি প্রতিষ্ঠানসমূহে** ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে **১ম পর্বের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।**

**শিক্ষার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি :**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ ও ডিপ্লোমা-ইন-লাইভস্টক শিক্ষাক্রমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের এস.এস.সি/সমমান পরীক্ষার জিপিএ, ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর, আবেদন ফরমে প্রদত্ত পছন্দক্রম এবং কোটা অনুসরণে (প্রযোজ্য ক্ষেত্রে) ১ম পর্বে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে টেকনোলজি ও প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।

ভর্তি পরীক্ষার নম্বর বন্টনঃ

| বিষয় | মান | মন্তব্য |
|---|---|---|
| বাংলা | ১০ | এসএসসি / সমমানের সিলেবাস হতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। |
| ইংরেজী | ১০ | |
| গণিত | ২০ | |
| বিজ্ঞান (পদার্থ ও রসায়ন) | ২০ | |
| বুদ্ধিমত্তার পরীক্ষা (Aptitude Test) | ১০ | |
| মোট | ৭০ | |
| এসএসসি এর জিপিএ (এসএসসি এর জিপিএ × ৬) | ৩০ | |
| সর্বমোট স্কোর | ১০০ | |

❖ **উল্লেখ্য যে, ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ডিপ্লোমা পর্যায়ে সরকারি প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। তবে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে শুধুমাত্র এসএসসি/সমমান পরীক্ষার জিপিএ-এর উপর ভিত্তি করে শিক্ষার্থী নির্বাচন করা হবে, এক্ষেত্রে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না।**

স্বা:
(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং-০২-৫৫০০৬৫২৩ (অফিস)

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.৫৮(১১)

তারিখ: ১১ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা-বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২-০৭। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/মৎস অধিদপ্তর/ বিএমইটি, ঢাকা।
০৮। অধ্যক্ষ, ডিপ্লোমা পর্যায়ের সকল প্রতিষ্ঠানসমূহ।
০৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।। [ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ]
১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। নথি।

২৫.০৬.২০২৫খ্রি.
(প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০ (অফিস)